

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৫১৮৫

জিরানীয়া, ১৩ মার্চ, ২০২৪

জিরানীয়ার মোহনপুর বাজারে মার্কেট কমপ্লেক্সের ভিত্তিপ্রস্তর স্থাপন
সমাজের প্রতিটি অংশের মানুষের কল্যাণে
বর্তমান সরকার কাজ করছে : পর্যটনমন্ত্রী

সমাজের প্রতিটি অংশের মানুষের কল্যাণে বর্তমান সরকার কাজ করছে। উন্নয়নের অংশীদারিত্ব থেকে কাউকে বাদ রাখলে রাজ্য কখনোই সামনের দিকে এগিয়ে যেতে পারে না। আজ জিরানীয়া মহকুমার মোহনপুর বাজারের অত্যাধুনিক মার্কেট কমপ্লেক্সের ভিত্তিপ্রস্তর স্থাপন করে পর্যটনমন্ত্রী সুশান্ত চৌধুরী একথা বলেন। তিনি বলেন, দীর্ঘদিন ধরে এই অঞ্চলটি উপেক্ষিত ছিলো। ২০১৮ সালে রাজ্য সরকারের পালাবদলের পর এই অঞ্চলেও উন্নয়নের ছোঁয়া লাগতে শুরু করেছে। এখানে আধুনিক মার্কেট কমপ্লেক্স গড়ে উঠলে পার্শ্ববর্তী এলাকার মানুষও উপকৃত হবেন। তিনি কাজের গুণগতমান বজায় রেখে নির্দিষ্ট সময়ের মধ্যে মার্কেট কমপ্লেক্সের নির্মাণ কাজ শেষ করার জন্য সংশ্লিষ্টদের প্রতি আহ্বান জানান। তিনি জানান, এই মার্কেট কমপ্লেক্সটি গড়ে তোলার জন্য প্রথম পর্যায়ে ৮.৮ কোটি টাকার অনুমোদন পাওয়া গেছে। এখানে মোট ৮৪টি স্টল থাকবে।

অনুষ্ঠানে এছাড়াও বক্তব্য রাখেন জিরানীয়া পঞ্চায়েত সমিতির ভাইস চেয়ারম্যান প্রীতম দেবনাথ। স্বাগত বক্তব্য রাখেন গ্রামোন্নয়ন দপ্তরের সুপারিনটেন্ডেন্ট ইঞ্জিনিয়ার ক্ষুদিরাম ত্রিপুরা। সভাপতিত্ব করেন জিরানীয়া পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান মঞ্জু দাস। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন মজলিশপুর গ্রাম পঞ্চায়েতের প্রধান মৌসুমী দাস, পশ্চিম মজলিশপুর গ্রাম পঞ্চায়েতের প্রধান সঞ্জিত দেবনাথ, সমাজসেবী গৌরাঙ্গ ভৌমিক প্রমুখ।
